দর্শনপ্রাপ্তির জন্য অত্যন্ত আকুল প্রাণে কাঁদিতেছিলেন, সেই সময়ে আকাশবাণীতে শ্রীভগবান্ তাঁহাকে বলিয়াছিলেন—হে নারদ! তুমি এই জন্মে আর আমাকে দেখিতে পাইবে না; ইহা বড়ই খেদের কথা। আমার স্বভাব এই যে—যাঁহাদের কষায় (ভোগ-বাসনা) ক্ষয় হয় নাই, সেই সকল কুযোগীগণকে আমি দেখা দিই না; তবে যে একবারমাত্র তোমাকে দেখা দিলাম, সেইটি কেবল তোমার উৎকণ্ঠা বাড়াইবার জন্য। শ্রীভগবান্ শ্রীনারদকে বলিয়াছিলেন। ১॥ ৬॥ ১৫৮॥

তদেবমপরাধহেতুকতদভিনিবেশোদাহরণং গজেন্দ্রাদীনাং বিষয়াবস্থায়াং কার্য্যম্। অথ ভক্তিশৈথিল্যম্। যেনাধ্যাত্মিকাদিসুখদুঃখনিষ্ঠৈবোল্লসতি। ভক্তিতৎপরাণাস্তু তত্রানাদরো ভবতি। যথা সহস্রনামস্তোত্রে—ন বাসুদেবভক্তানামশুভং বিদ্যতে ক্বচিৎ। জন্মমৃত্যুজরাব্যাধিভয়ঞ্চাপ্যুপজায়তে॥ ইতি যা তু সৎসাধকস্য মনুষ্যদেহরিরক্ষিষাজায়তে সাপ্যুপাসনাবৃদ্ধিলোভেন নতু দেহমাত্ররিরক্ষিষয়েতি। ন তথাচ ভক্তিতাৎপর্য্যহানিঃ। তদেবম্ বিবেকসামর্থ্যযুক্তস্যাপি ভক্তিতাৎপর্য্যব্যতিরেকগম্যং তচ্ছৈথিল্যং মধ্যে মধ্যে রচ্যমানয় ভক্ত্যা যন্ন দূরীক্রিয়তে তদপরাধালম্বনমেবেতি গম্যতে। অতএবাপরাধানুমানাপ্রবৃত্তের্মূঢ়ে চাসমর্থে চাল্পেন সিদ্ধিঃ সমর্থৈব। তত্র দীনদয়ালোঃ শ্রীভগবতঃ কৃপা চাধিকা প্রবর্ত্ততে। কিন্তু বিবেকসামর্থ্যযুক্তে সম্প্রত্যপি যোঽপরাধাপাতো ভবতি সোঽত্যন্তদৌরাত্ম্যাদেব। তদ্বিপরীতে তু নাতিদৌরাত্ম্যাদিতি বিদুষঃ সমর্থস্য শতধনুযোঽন্তরায়োঽনন্তরবিহিত ভগবদুপাসনস্যাপিযুক্ত এব। মূঢ়ানাস্তু মূষিকাদীনামপরাধেঽপি সিদ্ধিস্তথৈব যুক্তা; দৌরাত্ম্যাভাবেন ভজনস্বরূপপ্রভাবস্যাপরাধমতিক্রম্যোদয়াৎ। অথ ভক্ত্যাদিকৃতাভিমানত্বঞ্চাপরাধকৃতমেব বৈষ্ণবাবমানাদিলক্ষণাপরাধান্তরজনকত্বাৎ। যথা দক্ষস্য প্রাক্তন শ্রীশিবাপরাধেন প্রাচেতসত্বাবস্থায়াং শ্রীনারদাপরাধজন্মাপি দৃশ্যতে। তদেবং যঃ সকৃদ্ভজনাদিনৈব ফলোদয় উক্তস্তদ্ যথাবদেব, যদি প্রাচীনোঽর্ব্বাচীনো বা অপরাধো ন স্যাৎ। মরণে তু সর্ব্বথা সকৃদেব যথা কথঞ্চিদপি ভজনমপেক্ষ্যতে। তত্র হি তস্যৈব সকৃদপি ভগবন্নামগ্রহণাদিকং জায়তে, যস্য পূর্ব্বত্র বাত্র জন্মনি সিদ্ধেন ভগবদারাধনাদিনা তদানীম্ স্বীয়প্রভাবং প্রকটয়তানন্তরমেব ভগবৎসাক্ষাৎকারো ভাব্যতে। যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরং। তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিত ইতি শ্রীগীতোপনিষদ্ভ্যঃ। ততোঽপরাধাভাবাৎ তৎক্ষয়ার্থং ন তত্রাবৃত্ত্যপেক্ষা। যথাজামিলস্য। ন তথা কৃততন্নামশ্রবণাদীনামপি যমদূতানাম্। যথাহ—অথাপি মে দুর্ভগস্য বিবুধোত্তমদর্শনে। ভবিতব্যং মঙ্গলেন যেনাত্মা মে প্রসীদিতি॥ ১৫৯॥

তাহা হইলে এই প্রকারে অপরাধজন্য বিষয়ে অভিনিবেশের উদাহরণ গজেন্দ্র প্রভৃতির বিষয়াবস্থা অর্থাৎ ভগবদ্বিমুখাবস্থায় দেওয়া উচিত। এক্ষণ ভক্তিশৈথিল্যের উদাহরণ দেওয়া যাইতেছে যে—ভক্তিশৈথিল্য জন্য আধ্যাত্মিক আধিদৈবিক আধিভৌতিক সুখ-দুঃখাদিতে নিষ্ঠা উল্লসিত হইয়া